# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## জাতীয় শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী

অদ্য ৩০/০৯/২০২০ তারিখ রোজ বুধবার বেলা ১১ টায় জাতীয় শুদ্ধাচার কৌশল/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে এক মতবিনিময় সভা বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহ্বায়ক ও বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক।

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৬. উপ-সচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৭. জনাব শামসুল আলম, সহকারি সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৮. জনাব সমীরণ মজুমদার, জুনিয়র অডিটর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৯. জনাব কাজী আব্দুর রহিম, উচ্চমান সহকারি, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
১০. জনাব সৈয়দ রুমান, উচ্চমান সহকারি, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
১১. জনাব কণা মজুমদার, স্কুল শিক্ষক, রূপনগর গভঃ মডেল স্কুল এন্ড কলেজ, পল্লবী, ঢাকা
১২. জনাব প্রদীপ কুমার বাগচী, কলেজ শিক্ষক, কোডা কলেজ, ধানমন্ডি, ঢাকা
১৩. জনাব শ্রদ্ধা মজুমদার, স্কুল শিক্ষার্থী, ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, মিরপুর ,ঢাকা
১৪. জনাব সাদিক বিন শহীদুল্লাহ, কলেজ শিক্ষার্থী, নটরডেম কলেজ, মতিঝিল, ঢাকা

সভায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় আগত আমন্ত্রিত অংশীজনগণ বোর্ড প্রাঙ্গনে অবস্থিত বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করায় বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। বঙ্গবন্ধু কর্ণারে আগত বিভিন্ন দর্শনার্থী ও বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের বঙ্গবন্ধুকে জানা ও তার আদর্শকে ধারণ করার যে উদ্যোগ ঢাকা বোর্ড গ্রহণ করেছে তারা তাকে সাধুবাদ জানান। পাশাপাশি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অতীত দুর্লভ চিত্রকর্ম ও রাষ্ট্রীয় বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি অন্তর্ভুক্ত করার বিষয়ে তারা পরামর্শ প্রদান করেন। ভবিষ্যতে বঙ্গবন্ধুকে নিয়ে স্কুল ও কলেজ পর্যায়ে গল্প লিখন ও তার জীবনী পর্যালোচনা করে প্রবন্ধ প্রকাশে তারা মতামত প্রকাশ করেন। এছাড়া যে সকল অনগ্রসর এলাকায় শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরীতে বঙ্গবন্ধু বিষয়ক বই, প্রবন্ধ নেই তাদের বই, প্রবন্ধ প্রদানের বিষয়ে অংশীজনগণ সুপারিশ প্রদান করেন।

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন; ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম, শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান, কর্ম-পরিবেশ উন্নয়ন, অর্থ বরাদ্দ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শীর্ষক ১৩ টি ক্ষেত্র কার্যক্রম নির্ধারিত রয়েছে।

১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল ও বাস্তবায়ন পরিবীক্ষন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহবান করার সিদ্ধান্ত নেয়া হয় যা বাস্তবায়িত হচ্ছে।

১.২ নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার নির্ধারন করে এর লক্ষমাত্রা উল্লেখ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণ সভা করা হয় ও প্রতি মাসে ২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারন ও তার বিপরীতে অর্জন বের করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় ।

১.৪ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

১.৫ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয়।

১.৬ শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র বাস্তবায়ন করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয়।

১.৭ বোর্ডের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয়।

১.৮ বোর্ডের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয় ।

১.৯ বোর্ডের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয় ।

১.১০ বোর্ডের অনলাইন সিস্টেমে অভিযোগসমূহ নিষ্পত্তি করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয় ।

১.১১ ই-টেন্ডারের মাধ্যমে সকল ক্রয় কার্য সম্পাদন করা হচ্ছে।

১.১২ স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ করা হচ্ছে।

১.১৩ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ নির্ণয় করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয় ।

১.১৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ প্রণয়ন ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত সময়সূচি প্রকাশ করা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয় ।

১.১৫ বোর্ডে প্রতি বছর অবসর গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের অতি দ্রুত সময়ে সম্মাননাসহ অবসর ভাতা প্রদান যথানিয়মে প্রদান করা হয়ে থাকে যা ভবিষ্যতেও অব্যাহত রাখা হবে মর্মে সিদ্ধান্ত নেয়া হয় ।

১.১৬ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয় এবং উক্ত মতবিনিময়ের মাধ্যমে তাদের সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নেয়া হয়।

১.১৭ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয় এবং উক্ত মতবিনিময়ের মাধ্যমে তাদের কোন সমস্যা থাকলে তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.১৮ বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের ইনহাউজ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**প্রফেসর মু. জিয়াউল হক**
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা